

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫৯

७. সদাচারণ ও न्যाय़निष्ठंठा সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ সৎ ব্যক্তি ও তাদের মত ব্যক্তিদের মাধ্যমে বারাকাহ নেওয়া মুস্তাহাব

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ التَّبَرُّكُ بِالصَّالِحِينَ وَأَشْبَاهِهِمْ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو كُرِيْبِ قَالَ: حَدَّثَنَا أَبُو أَبِي مُوسَى قَالَ: كُنْتُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِي مُوسَى قَالَ: كُنْتُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَازِلًا بِالْجِعْرَانَةِ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ وَمَعَهُ بِلَالٌ فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلٌ أَعْرَابِيٍّ فَقَالَ: أَلَا تُنْجِزُ لِي يَا مُحَمَّدُ مَا وَعَدْتَنِي؟ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَبْشِرْ) فَقَالَ لَهُ الْأَعْرَابِيُّ: لَقَدْ أَكْثَرْتَ عَلَيَّ مِنَ الْبُشْرَى قَالَ: فَأَقْبَلَ رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ: (أَبْشِرْ) فَقَالَ لَهُ الْأَعْرَابِيُّ: لَقَدْ أَكْثَرْتَ عَلَيَّ مِنَ الْبُشْرَى قَالَ: فَقَالَ: (إِنَّ هَذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ على أَبِي مُوسَى وَبِلَالٍ كَهَيْئَةِ الْغَضْبْبَانِ فَقَالَ: (إِنَّ هَذَا رَسُولُ اللَّهِ قَالَ: فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَقَدَحٍ فِيهِ مَاءً ثُمَّ قَالَ لَهُمَا: (اشْرَبَا مِنْهُ وَأَفْرِغَا عَلَى وُجُوهِكُمَا أَوْ نُحُورِكُمَا) فَقَالَا: قَبْلِنَا يَا رَسُولُ اللَّهِ قَالَ: فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَادَتْنَا أُمُّ سَلَمَةَ مِنْ فَالَدَّنَا أُمُ مُوسَى وَبِلَالٍ عَلَيْهِ وَسَلَّمَ فَنَادَتْنَا أُمُّ سَلَمَةَ مِنْ وَرَاءِ السِيِّرِ أَنْ أَقْضَلَلَ لَهُ مَا فَقَدَرَا لَهُ مَنَادَتْنَا أُمُ مُنُولًا فَي إِنَائِكُمَا فَأَقْضَلَلَ لها منه طائفة.

الراوي: أَبُو مُوسَى المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 559 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫৯. আবু মুসা আল আশ'আরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বললেন: "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মক্কা ও মদীনার মাঝে জি'রানাহ নামক জায়গায় অবতরণ করি, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে তখন বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু ও ছিলেন। এমন সময় একজন বেদুঈন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে



এসে বলেন: "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে যে প্রতিশ্রুতি দিয়েছেন, তা কি বাস্তবায়ন করবেন না?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি শুভ সংবাদ গ্রহণ করো।" তখন বেদুঈন বলেন: "আপনি আমাকে অনেক শুভ সংবাদ দিয়েছেন।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যেন গোস্বা হয়ে আবু মুসা ও বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুমা এর কাছে আসেন এবং তাঁদের বলেন: "এই ব্যক্তি শুভ সংবাদ প্রত্যাখ্যান করেছে, তোমরা তা গ্রহণ করো।" ফলে তাঁরা গ্রহণ করেন এবং বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা গ্রহণ করলাম।" রাবী বলেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পানি ভর্তি একটি পেয়ালা আনতে বললেন তারপর তাদের দুইজনকে বললেন: "তোমরা দুইজন এখান থেকে পান করো এবং তোমাদের মুখে বা গলদেশে তা ঢেলে দাও।" ফলে তাঁরা পেয়ালা গ্রহণ করেন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের যা আদেশ করেছিলেন, তা তাঁরা প্রতিপালন করেন। এই সময় উন্মু সালামাহ পর্দার অন্তর্রাল থেকে আমাদের ডেকে বলেন, "পাত্রে তোমাদের মায়ের জন্য কিছু অবশিষ্ট রাখিও।" ফলে তাঁরা তাঁর জন্য কিছু পানি অবশিষ্ট রেখে দেন।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৪৩২৮, ১৯৬; সহীহ মুসলিম: ২৪৯৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৫৫৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন